# সিগন্যাল

কারা যেন মধ্যরাতে আমার দরজার কড়া নাড়ে।
আমি এখন বিছানায় শুয়েও
দূরে ইস্টিশনের সবুজ সিগন্যাল স্পষ্ট দেখতে পাই।
কানে আসে দ্রুত ছুটে আসা
মেল ট্রেনের কু-ঝিক্‌ঝিক্‌ শব্দ...।
শব্দরা ক্রমশঃ স্পষ্ট থেকে স্পষ্টতর হয়।
আমাকে নিত্য ব্যবহার্য পোষাকটুকুও
গোছানোর সময় দেয় না।
ক্যালেণ্ডারের মতো দেয়ালে ঝুলে থাকে
আমার সাইড ব্যাগ, পাঞ্জাবী, পাজামা
এমনকি পায়ে চটি জোড়াও পড়ে থাকে
নির্মম অবহেলায়।
আমি নদীর টানের মতো
ঘরের দরজা খুলে বাইরে আসি।
ঘুরতে থাকা পাখা, জ্বলতে থাকা আলো
নেভানো হয় না।
ইস্টিশনের দিকে অবিন্যস্ত পা ফেলে
ক্রমশঃ এগোতে থাকি আমি।
কোন্‌ পথে যে ইস্টিশনে ওঠে
আমি তা মায়ের মতোই জেনে গেছি এতদিনে।

বণ দাস

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com